

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২০৭

২৭/ আদব

পরিচেছদঃ কোন সওয়ারী বা যানবাহনে চড়ার সময় দু'আ

আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا : أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ كَانَ إِذَا اسْتَوَى عَلَى بَعِيرِهِ خَارِجاً إِلَى سَفَرٍ، كَبَّرَ ثَلاثاً ثُمَّ قَالَ سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلبُونَ اَللّهُمَّ إِنَّا نَسَأَلُكَ فِي سَفَرِنَا هَذَا البرَّ وَالتَّقوَى وَمِنَ العَمَلِ مَا تَرضَى إللَّهُمَّ هُوِنْ عَلَيْنَا سَفَرَنَا هَذَا وَاطْوِ عَنَّا بُعْدَهُ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالحَلِيفَةُ فِي اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالحَلِيفَةُ فِي اللَّهُمَّ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالحَلِيفَةُ فِي اللَّهُمُّ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالحَلِيفَةُ فِي اللَّهُمُّ وَنْ اللَّهُمُّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالحَلِيفَةُ فِي اللَّهُمُّ وَالْمَلْ اللَّهُمُّ أَنِي أَعُوذُ بِكَ مِنْ وَعْتَاءِ السَّفَرِ وَكَآبَةِ المَنْظَرِ وَسُوءِ المُنْقَلَبِ فِي المالِ وَالأَهْلِ وَالوَلَدِ وَإِذَا رَجَعَ قَالَهُنَّ وَزَادَ فِيهِنَّ آيِبُونَ عَابِدُونَ عَابِدُونَ لِرَبِّنَا حَامِدُونَ رواه مسلم

বাংলা

আল্লাহ তাআলা বলেন.

وَجَعَلَ لَكُمْ مِنَ الْفُلْكِ وَالْأَنْعَامِ مَا تَرْكَبُوْنَ لِتَسْتَوُوا عَلَى ظُهُوْرِهِ ثُمَّ تَذْكُرُوا نِعْمَةَ رَبِّكُمْ إِذَا اسْتَوَيْتُمْ عَلَيْهِ وَتَقُوْلُوا سُبُحَانَ الَّذِيْ سَخَّرَ لَنَا هٰذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِيْنَ وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُوْنَ

অর্থাৎ, যিনি সব কিছুর যুগলসমূহ সৃষ্টি করেছেন এবং নৌকা ও চতুষ্পদ জন্তুকে তোমাদের যানবাহনে পরিণত করেছেন। যাতে তোমরা ওদের পিঠে স্থিরভাবে বসে তোমাদের প্রতিপালকের অনুগ্রহ স্মরণ করতে পার, পবিত্র মহান তিনিই যিনি একে আমাদের বশীভূত ক'রে দিয়েছেন; যদিও আমরা একে বশীভূত করতে সমর্থ ছিলাম না। অবশ্যই আমরা আমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তনকারী। (সুরা যুখরুফ ১২-১৪)

(৩২০৭) ইবনে উমার (রাঃ) হতে বর্ণিত, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরে বেরিয়ে উটের পিঠে স্থির হয়ে বসতেন, তখন তিনবার 'আল্লাহু আকবার' পড়ে এই দু'আ পড়তেন,

'সুবহানাল্লাযী সাখখারা লানা হা-যা অমা কুন্না লাহু মুক্রিনীন। অইন্না ইলা রাব্বিনা লামুনকালিবূন। আল্লাহুস্মা ইন্না



নাসআলুকা ফী সাফারিনা হা-যাল বির্রা অত্তাক্তওয়া, অমিনাল আমলি মা তারযা। আল্লাহ্মা হাওবিন আলাইনা সাফারানা হা-যা অত্ববি আন্না বু'দাহ। আল্লাহ্মা আন্তাস সা-হিবু ফিস সাফারি অলখালীফাতু ফিল আহল। আল্লাহ্মা ইন্নী আউযু বিকা মিন অ'সাইস সাফার অকাআবাতিল মান্যার, অসূইল মুনক্কালাবি ফিল মা-লি অল আহলি অল অলাদ।'

অর্থাৎ, পবিত্র ও মহান যিনি একে আমাদের বশীভূত ক'রে দিয়েছেন যদিও আমরা একে বশীভূত করতে সমর্থ ছিলাম না। অবশ্যই আমরা আমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তনকারী। ওগো আল্লাহ! নিশ্চয় আমরা তোমার কাছে প্রার্থনা করছি আমাদের এই যাত্রায় পুণ্যকর্ম, সংযমশীলতা এবং তোমার সন্তোষজনক কার্যকলাপ। হে আল্লাহ! আমাদের এ যাত্রাকে আমাদের জন্য সহজ ক'রে দাও। আমাদের থেকে ওর দূরত্ব গুটিয়ে নাও। হে আল্লাহ! তুমিই সফরের সঙ্গী। আর পরিবার পরিজনের জন্য (আমাদের) প্রতিনিধি। হে আল্লাহ! সফরের কষ্ট ও ক্লান্তি থেকে, ভয়ংকর দৃশ্য থেকে এবং বাড়ি ফিরে ধন-সম্পদ, পরিবার ও সন্তান-সন্ততির মধ্যে কোন অপ্রীতিকর দৃশ্য থেকে তোমার আশ্রয় প্রার্থনা করছি।

আর বাড়ি ফিরার সময় উক্ত দু'আর সাথে এগুলিও পড়তেন, 'আ-ইবূনা, তা-ইবূনা আ-বিদূনা, লিরাব্বিনা হা-মিদূন।'

ফুটনোট

(মুসলিম ৩৩৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন